



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়
গোপালগঞ্জ।

Email: modelgovt@gmail.com
Website: www.smmodegovt.edu.bd



বিদ্যালয় কোড- ৬৭৫৩
EIIN NO- ১০৯৪৪৭
জেলা কোড - ৩৩
থানা কোড-২৬২
ফোন নং-০৬৬৮-৫২৭৯

তারিখ : ২৩/০৫/২০২২ খ্রিঃ

পুন: দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ এর পরিত্যক্ত দ্বিতল বিজ্ঞান ভবনটি নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ২৫/০৫/২০২২খ্রিঃ হতে ৩১/০৫/২০২২খ্রিঃ বেলা ২ঘটিকা পর্যন্ত গৃহীত হবে। ৩১/০৫/২০২২খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। দরপত্র গৃহীত হলে ১৫(পনের) দিনের মধ্যে ভবনটি ভেঙ্গে যাবতীয় মালামাল বিদ্যালয়ের ভিতর থেকে অপসারণ করতে হবে।

দরপত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি এবং শর্তাবলী পূরণ করে জমা দিতে হবেঃ-

- ১। ডকুমেন্ট ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা যা অফেরতযোগ্য।
- ২। ঠিকাদারি প্রতিষ্ঠানের হালনাগাদকৃত লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
- ৩। TIN এর সত্যায়িত হালনাগাদ সার্টিফিকেট।
- ৪। VAT এর সত্যায়িত হালনাগাদ সার্টিফিকেট।
- ৫। দরপত্র জামানত: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দিতে হবে। (পে অর্ডার, প্রধান শিক্ষক, সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ বরাবর।
- ৬। সকল সরকারি বিধিবিধান মেনে সর্বোচ্চ দরপত্র দাতাকে কার্যাদেশ প্রদান করার পূর্বে দরপত্র মূল্যের উপর ভ্যাট এবং আইটি সরকারি কোষাগারে জমা দিয়ে চালান কপি প্রধান শিক্ষক, সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ বরাবর জমা দিতে হবে।
- ৭। কার্যাদেশ প্রদানের সময় দরপত্র মূল্যের উপর নূন্যতম ১০% কার্যসম্পাদন জামানত ঠিকাদারকে জমা দিতে হবে। (পে-অর্ডার, প্রধান শিক্ষক, সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ বরাবর)
- ৮। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা দরপত্র কমিটি সংরক্ষণ করেন।

(মো: মাইন উদ্দিন ভূঁইয়া)

সদস্য সচিব
নিলাম কমিটি

ও

প্রধান শিক্ষক

সীতানাথ মথুরানাথ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়
গোপালগঞ্জ।